

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৫

আগরতলা, ৩ এপ্রিল, ২০২৪

**খোলা বাজরে নিত্য প্রয়োজনীয় খাদ্যপণ্য সামগ্রীর  
মজুত ও মূল্য নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে পর্যালোচনা সভা**

বর্ষাকালীন মরশুমে খোলা বাজরে নিত্য প্রয়োজনীয় খাদ্যপণ্য সামগ্রীর মজুত ও মূল্য নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে আজ খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্থার্থ বিষয়ক দপ্তরের কনফারেন্স হলে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে অল ত্রিপুরা মার্চেন্ট এসোসিয়েশন, ত্রিপুরা হোলসেল গ্রোসারী মার্চেন্ট এসোসিয়েশন এবং আগরতলা পুরনিগম এলাকার বিভিন্ন বাজার কমিটির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

সভায় অধিকর্তা ব্যবসায়ী প্রতিনিধিদের সঙ্গে বাজারে খাদ্যপণ্য সামগ্রীর বর্তমান মজুতের পরিমাণ, পাইকারি/খুচরো মূল্য ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বর্ষা মরশুমে যাতে যোগানে কোন ব্যাঘাত না ঘটে এবং কোনপ্রকার অস্বাভাবিক মূল্য বৃদ্ধি না হয় তার জন্য উদ্যোগ নিতে সংশ্লিষ্ট সকলের কাছে অনুরোধ জানান।

সভায় ব্যবসায়ী প্রতিনিধিগণ জানিয়েছেন বর্তমানে বাজারে দ্রব্যমূল্য বহির্বাজে মূল্যমানের প্রেক্ষিতে স্বাভাবিক রয়েছে এবং বর্ষাকালে নিত্য প্রয়োজনীয় সামগ্রীর যোগান এবং মূল্য স্বাভাবিক রাখার জন্য তাদের তরফ থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্থার্থ বিষয়ক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*